দ্বিতীয়।—তুনাঙ্গ বন।

উত্তর পশ্চিম সীমা।—রিল্লী নদী।

উত্তর-পূর্ব্ব সীমা।—রেনুঙ্গ ও রিল্লী নদীর সংযোগ স্থান অবধি তুনাঙ্গ পর্য্যন্ত পর্ব্বত-শ্রেণীর সঙ্গে২ যে রেখা চলে তাহা।

দক্ষিণ-পূর্ব্ব সীমা।—তুনাঙ্গ অবধি নবুঙ্গ ও রেয়ঙ্গ নদীর সংযোগ স্থান পর্য্যন্ত পর্ব্বত-শ্রেণীর সঙ্গে২ যে রেখা চলে তাহা।

দক্ষিণ-পশ্চিম সীমা।—রোয়ুঙ্গ নদী।

আয়তন অনুমান=৯৬৬ একর=১'৫৪ বর্গমাইল।

তৃতীয়।—রিনুকিনপঙ্গ বন।

উত্তর ও পূর্ব্বসীমা।—তিষ্ঠা-কালিঙ্গপঙ্গ পথ, পরে তথাহইতে তঙ্কলঙ্গের নিকট পর্য্যন্ত তিষ্ঠার সহিত দক্ষিণ দিগে প্রায় সমান্তরাল যে রেখা যায় তাহা। পরে রিনকিনুপঙ্গ পর্য্যন্ত পর্ব্বতশ্রেণীর সঙ্গে২ যায় ও অন্য পর্ব্বতনাসিকা রিল্লী নদীর পূর্ব্বদিগে যায়, পরে রিল্লী নদী।

দক্ষিণ পূর্ব্ব সীমা।—রিল্লী নদী।

পশ্চিম সীমা।—তিষ্ঠা নদী।

আয়তন অনুমান=৩,৯২৫ একর=৬'১৩ বর্গমাইল।

চতুর্থ।—কালিনপঙ্গ বন।

পশ্চিম ও উত্তর-পশ্চিম সীমা।—তিষ্ঠা নদী।

পূর্ব্ব ও দক্ষিণ-পূর্ব্ব ও দক্ষিণ সীমা।—তোরচু নদী, পরে তিষ্ঠা কালিনপঙ্গ পথ পর্য্যন্ত অর্দ্ধ অবধি এক মাইল দূরে তিষ্ঠা নদীর সঙ্গে২ প্রায় সমান্তরাল যে রেখা চলে তাহা, পরে তিষ্ঠা কালিনুপঙ্গ পথ।

আয়াতন অনুমান=২,৬৫৮ একর=৪'১৫ বর্গমাইল।

পঞ্চম।—দমসঙ্গ বন।

উত্তরসীমা।—রঙ্গপচু নদী।

পূর্ব্বসীমা।—কাশুনু ও কোহাইয়ের মধ্যগত রঙ্গপচু অবধি দমসোঙ্গের কাছ পর্য্যন্ত পর্ব্বত শ্রেণীর সঙ্গে২ যে রেখা চলে তাহা, পরে পথের সঙ্গে২ দোমসঙ্গ অবধি দোষচঙ্গ পর্য্যন্ত যায়, পরে ঐ পথের সঙ্গে২ দোষচঙ্গ অবধি কালিনপঙ্গের দিগে যায়।

দক্ষিণসীমা।—কালিঙ্গপঙ্গ-দোষচঙ্গ পথ অবধি তিষ্ঠা ও রিল্লী নদীর মধ্যগত জলক্ষেপি ভূমি পর্য্যন্ত ও এচার দক্ষিণ-পশ্চিম প্রায় ৮ মাইল দূরে ঐ জলক্ষেপি ভূমিতে মিলিয়া যে রেখা চলে তাহা, পরে প্রথমে উত্তর দিগে ও পরে পশ্চিমদিগে তোরচু নদী পর্য্যন্ত যায়।

পশ্চিমসীমা।—তোরচু ও পরে তিষ্ঠা নদী।

আয়াতন অনুমান=১২,৬৯৯ একর,=১৯'৮৩ বর্গমাইল।

ষষ্ঠ।—পেয়ঙ্গ বন।

উত্তর-পশ্চিমসীমা।—কালিমপঙ্গ-দোষচঙ্গ পথ।

উত্তর-পূর্ব্বসীমা।—নুনুচু ও মেদঙ্গ নদীর মধ্যগত জলক্ষেপি ভূমি, ও পরে কালিমপঙ্গ-লাবা পথ।

দক্ষিণ-পূর্ব্বসীমা।—নুনুচু ও রিল্লী নদীর মধ্যগত জলক্ষেপি ভূমি।

দক্ষিণ-পশ্চিমসীমা।—দক্ষিণ-পূর্ব্ব সীমাহইতে কালিমপঙ্গ-দোষচঙ্গ পথ পর্য্যন্ত যে রেখা চলে তাহা।

আতয়ন অনুমান=৬৫৯ একর=১'০৩ বর্গমাইল।

সপ্তম।—মেদোঙ্গ বন।

উত্তরসীমা।—কালিমপঙ্গ-দোষচঙ্গ পথ অবধি পাকাথোঙ্গের মঠ পর্য্যন্ত অনিয়মিত যে রেখা যায় তাহা।

পূর্ব্বসীমা।—মেদোঙ্গ ও রশেচু নদীর মধ্যগত জলক্ষেপি ভূমি।

দক্ষিণসীমা।—কালিমপঙ্গ-লাবা পথ।

পশ্চিম সীমা।—কালিমপঙ্গ-লাবা পথ, পরে নুনচু ও মেদঙ্গ নদীর মধ্যগত জল-ক্ষেপি ভূমি, পরে কালিমপঙ্গ-দোষচঙ্গ পথ।

আয়তন অনুমান=২৭৩৬ একর=৪:২৭ বর্গমাইল।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৬। ১০ অক্টোবর।]

VIII.—The Khempung forest.

North & East.—The Kalimpung-Laba road.

South—The watershed between the Rilli and Jitchu rivers as far as the Sichoor hill, then a ridge running from Sichoor towards Pali.

West.—A line running from the southern boundary to the Pakochu, then the Pakochu, then the Rilli, then the Kalingchu, and then a line running from the Kalimchu to the watershed between the Rilli and Noonchu rivers, then up that watershed to the Kalimpung-Laba road.

Estimated area = 3,580 acres = 5·59 square miles.

IX.—The Lalegaon forest.

North.—A ridge running from Sichoor towards Pali.

East & South.—The watershed between the Rilli on one side and the Jit and Lesro rivers on the other side.

West.—A line running from the south boundary to the Kereoong, then to the Rungnochu, and then to the ridge running from Sichoor towards Pali.

Estimated area = 2,703 acres = 4·22 square miles.

H. J. S. COTTON,
Junoir Secy. to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 2176C.S.

The 27th September 1876.—The following Moonsifs are promoted to the First Grade:—

Baboo Chunder Kumar Mitter, Moonsif of Phenchoogunge, in Sylhet, with effect from the date of Baboo Bhugwan Chunder Chuckerbutty's promotion to a Subordinate Judgeship.

Baboo Poorno Chunder Roy, Additional Moonsif of Dukhin Shabazpore, in Backergunge, with effect from the date of Moulvi Husmatoollah's retirement.

Baboo Grish Chunder Roy, Moonsif of Ghosegong, in Mymensingh, with effect from the date of Baboo Hurro Proshad Sen's retirement.

Baboo Bhoobun Mohun Roy, Additional Moonsif of Bongong, in Nuddea, with effect from the date of Baboo Bhoobun Chunder Mookerjee's promotion to a Subordinate Judgeship.

Baboo Krishna Mohun Mookerjee, B.L., Moonsif of Diamond Harbour, in the 24-Pergunnahs, with effect from the date of Baboo Kassi Nath Doss's retirement.

Baboo Jeebun Kishen Chatterjee, Moonsif of Nemal, in Midnapore, with effect from the date of Mr. W. Cardozo's death.

The following Moonsifs are promoted to the Second Grade:—

Moulvi Syed Emam Ali, Moonsif of Buxar, in Shahabad, *vice* Baboo Grish Chunder Roy, promoted.

Moulvi Mahomed Nurul Hossein, Moonsif of Begoo Serai, in Bhagulpore, with effect from the date of Baboo Mohesh Chunder Roy's retirement.

Baboo Koroona Dass Bose, M.A. and B.L., Moonsif of Dukhin Shabazpore, in Backergunge, *vice* Baboo Bhoobun Mohun Roy, promoted.

Baboo Poorno Chunder Shome, Moonsif of Sooree, in Beerbhoom, *vice* Baboo Chundra Kumar Mitter, promoted.

Baboo Bhugwan Chunder Chatterjee, B.L., Additional Moonsif of Jessore, *vice* Baboo Poorno Chunder Roy, promoted.

Baboo Kedar Nath Chatterjee, Moonsif of Serampore, in Hooghly, *vice* Baboo Krishna Mohun Mookerjee, promoted.

[*Government Gazette*, 10*th October* 1876.]

অষ্টম।—ক্ষেমপঙ্গ বন।

উত্তর ও পূর্ব্ব সীমা।—কালিমপঙ্গ-লাবা পথ।

দক্ষিণ সীমা।—সিচুর পর্ব্বত পর্য্যন্ত রিল্লী ও জিৎচু নদীর মধ্যগত জলক্ষেপি ভূমি, পরে সিচুর হইতে পালির দিগে গামি পর্ব্বত শ্রেণী।

পশ্চিম সীমা।—দক্ষিণ সীমাহইতে পাকচু পর্য্যন্ত যে রেখা যায় তাহা, পরে পাকচু, পরে রিল্লী নদী, পরে কালিঙ্গচু নদী, পরে কালিমচু অবধি রিল্লী ও মুন্মচু নদীর মধ্যগত জলক্ষেপি ভূমি পর্য্যন্ত যে রেখা যায় তাহা, পরে ঐ জলক্ষেপি ভূমির ওদিগে কালিমপঙ্গ-লাবা পথ পর্য্যন্ত যায়।

আয়তন অনুমান=৩,৫৮০ একর=৫'৫৯ বর্গ মাইল।

নবম।—লালেগাঁ বন।

উত্তর সীমা।—সিচুর হইতে পালির দিগে গামি পর্ব্বত শ্রেণী।

পূর্ব্ব ও দক্ষিণ সীমা।—এক দিগে রিল্লী ও অন্য দিগে জিৎ ও লেস্র নদীর মধ্যগত জলক্ষেপি ভূমি।

পশ্চিম সীমা।—দক্ষিণ সীমাহইতে কিকঙ্গ পর্য্যন্ত যে রেখা চলে তাহা, পরে রঙ্গনচু পরে সিচুরহইতে পালির দিগে গামি পর্ব্বত শ্রেণী।

আয়তন অনুমান=২,৭০৩ একর।।৪'২২ বর্গ মাইল।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

২১৭৬C.S. নম্বর।

১৮৭৬ সাল ২৭ সেপ্টেম্বর।—নিম্নলিখিত মুনসেফেরা প্রথম শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত বাবু ভগবানচন্দ্র চক্রবর্ত্তীর সবর্ডিনেট জজের পদভুক্ত হওনের তারিখ অবধি ছিলটের অন্তর্গত ফেঞ্চুগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু চন্দ্রকুমার মিত্র।

শ্রীযুত মৌলবী হস্‌মতুল্লার কর্ম্ম হইতে অবসর গ্রহণের তারিখ অবধি বাকরগঞ্জের অন্তর্গত দক্ষিণ-সাবাজপুরের আডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র রায়।

শ্রীযুত বাবু হরপ্রসাদ সেনের কর্ম্মহইতে অবসর গ্রহণের তারিখ অবধি ময়মনসিংহের অন্তর্গত ঘোষগাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু গিরীশচন্দ্র রায়।

শ্রীযুত বাবু ভুবনচন্দ্র মুখোপাধ্যায়ের সবর্ডিনেট জজের পদভুক্ত হওনের তারিখ অবধি নদীয়ার অন্তর্গত বনগাঁয়ের অডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু ভুবনমোহন রায়।

শ্রীযুত বাবু কাশীনাথ দাসের কর্ম্মহইতে অবসর গ্রহণের তারিখ অবধি ২৪ পরগনার অন্তর্গত কলাগাছির মুনসেফ শ্রীযুত বাবু কৃষ্ণমোহন মুখোপাধ্যায়, বি, এল।

ডবলিউ কার্ডোজো সাহেবের মৃত্যুর তারিখ অবধি মেদিনীপুরের অন্তর্গত নেমালের মুনসেফ শ্রীযুত বাবু জীবনকৃষ্ণ চট্টোপাধ্যায়।

নিম্নলিখিত মুনসেফেরা দ্বিতীয় শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত বাবু গিরীশচন্দ্র রায় উচ্চপদভুক্ত হওয়াতে তৎপরিবর্ত্তে শাহাবাদের অন্তর্গত বক্‌সারের মুনসেফ শ্রীযুত মৌলবী সৈয়দ এমাম আলি।

শ্রীযুত বাবু মহেশচন্দ্র রায়ের কর্ম্মহইতে অবসর গ্রহণের তারিখঅবধি ভাগলপুরের অন্তর্গত বেগুসরাইর মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ নুরুল হুসেন।

শ্রীযুত বাবু ভুবনমোহন রায় উচ্চপদভুক্ত হওয়াতে তৎপরিবর্ত্তে বাকরগঞ্জের অন্তর্গত দক্ষিণ সাবাজপুরের মুনসেফ শ্রীযুত বাবু করুণাদাস বসু, এম, এ, ও বি, এল।

শ্রীযুত বাবু চন্দ্রকুমার মিত্র উচ্চপদভুক্ত হওয়াতে তৎপরিবর্ত্তে বীরভূমের অন্তর্গত সিউড়ির মুনসেফ শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র সোম।

শ্রীযুত বাবু পূর্ণচন্দ্র রায় উচ্চপদভুক্ত হওয়াতে তৎপরিবর্ত্তে যশোহরের আডিশ্যনল মুনসেফ শ্রীযুত বাবু ভগবানচন্দ্র চট্টোপাধ্যায়, বি, এল।

শ্রীযুত বাবু কৃষ্ণমোহন মুখোপাধ্যায় উচ্চপদভুক্ত হওয়াতে তৎপরিবর্ত্তে হুগলীর অন্তর্গত শ্রীরাম-পুরের মুনসেফ শ্রীযুত বাবু কেদারনাথ চট্টোপাধ্যায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ১০ অক্টোবর।]

Baboo Anund Kumar Surbadhicary, Moonsif of Ranaghat, in Nuddea, *vice* Baboo Jeebun Kishen Chatterjee, promoted.

Baboo Koylash Chunder Mozumdar, B.L., late an Extra Moonsif of Burdwan, is appointed to be a Moonsif of the Third Grade, and to be Moonsif of Khoolna, in Jessore, *vice* Baboo Bhoobun Chunder Mookerjee, promoted to a Subordinate Judgeship.

Baboo Kanti Chunder Bhadoory, late Extra Moonsif of Mymensingh, is appointed to be a Moonsif of the Third Grade and to be Moonsif of Bholepore, in Beerbhoom, *vice* Baboo Bhugwan Chunder Chuckerbutty, promoted to a Subordinate Judgeship.

Baboo Bhuggobutty Churn Mitter, Officiating Second Moonsif of Arrah, in Shahabad, is appointed to be a Moonsif of the Third Grade and to be Second Moonsif of that station.

Baboo Akhoy Kumar Bose, B.L., late an Extra Moonsif of Tipperah, is appointed to be a Moonsif of the Third Grade and to be Moonsif of Begumgunge, in that district, *vice* Baboo Kassi Nath Doss, retired.

Baboo Kristo Chunder Doss, B.L., Second Moonsif of Arrah, in Shahabad, is transferred to Rungpore Sudder Station.

Baboo Chunder Narain Sing, M.A., Deputy Magistrate and Deputy Collector, Bhagulpore, is vested with the powers of a Magistrate of the First Class.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

শ্রীযুত বাবু জীবনকৃষ্ণ চট্টোপাধ্যায় উচ্চপদভুক্ত হওয়াতে তৎপরিবর্ত্তে নদীয়ার অন্তর্গত রাণাঘাটের মুনসেফ শ্রীযুত বাবু আনন্দকুমার সর্ব্বাধিকারী।

শ্রীযুত বাবু ভুবনচন্দ্র মুখোপাধ্যায় সবর্ডিনেট জজের পদভুক্ত হওয়াতে তৎপরিবর্ত্তে বর্দ্ধমানের ভূতপূর্ব্ব অতিরিক্ত মুনসেফ শ্রীযুত বাবু কৈলাসচন্দ্র মজুমদার, বি, এল, তৃতীয় শ্রেণীর মুনসেফের পদে নিযুক্ত হইয়া যশোহরের অন্তর্গত খুলনার মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু ভগবাগচন্দ্র চক্রবর্ত্তী সবর্ডিনেট জজের পদভুক্ত হওয়াতে তৎপরিবর্ত্তে ময়মুনসিংহের ভূতপূর্ব্ব অতিরিক্ত মুনসেফ শ্রীযুত বাবু কান্তিচন্দ্র ভাদুড়ী তৃতীয় শ্রেণীর মুনসেফ হইয়া বীরভূমের অন্তর্গত ভোলপুরের মুনসেফ হইবেন।

শাহাবাদের অন্তর্গত আরার একটিং দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু ভগবতীচরণ মিত্র তৃতীয় শ্রেণীর মুনসেফ হইয়া ঐ মোকামের দ্বিতীয় মুনসেফ হইবেন।

শ্রীযুত বাবু কাশীনাথ দাস কর্ম্মহইতে অবসর গ্রহণ করাতে তৎপরিবর্ত্তে ত্রিপুরার ভূতপূর্ব্ব অতিরিক্ত মুনসেফ শ্রীযুত বাবু অক্ষয়কুমার বসু, বি, এল, তৃতীয় শ্রেণীর মুনসেফ হইয়া ঐ জিলার অন্তর্গত বেগমগঞ্জের মুনসেফ হইবেন।

শাহাবাদের অন্তর্গত আরার দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু কৃষ্ণচন্দ্র দাস, বি, এল, রঙ্গপুরের সদর মোকামে প্রেরিত হইলেন।

ভাগলপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু চন্দ্রনারায়ণ সিংহ, এম, এ, প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

আর, এল, মাঙ্গেল্‌স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

গবর্ণমেণ্ট্ গেজেট

TUESDAY, OCTOBER 17, 1876.

মঙ্গলবার ১৮৭৬ সাল ১৭ অক্টোবর।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 2193C.S.

GENERAL.—*The 30th September* 1876.—Lieutenant A. E. Gordon, Cantonment Magistrate of Dum-Dum, is allowed leave for one month and twenty-six days, from the 4th proximo, under Section 21, Chapter VI of the Civil Leave Code.

Mr. H. Lee, Assistant Magistrate and Collector, in charge of the Baraset Division, 24-Pergunnahs, is appointed to act, in addition to his own duties, as Cantonment Magistrate of Dum-Dum and as Judge of the Court of Small Causes in that Cantonment, during the absence, on leave, of Lieutenant A. E. Gordon, or until further orders.

Mr. W. M. Smith, Deputy Settlement Officer, Sonthal Pergunnahs, is allowed leave for three months, under Section 21, Chapter VI of the Civil Leave Code.

The 3rd October 1876.—Baboo Romesh Chunder Mookerjee, Deputy Magistrate and Deputy Collector, in charge of the City Moorshedabad division of the Moorshedabad district, is appointed to have charge of the Ranaghat division of the Nuddea district.

Baboo Dino Nath Addy, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Ranaghat division, Nuddea, is appointed to have charge of the City Moorshedabad division of the Moorshedabad district.

The 4th October 1876.—Mr. Joseph Samuel Armstrong, Magistrate and Collector of Pooree, who has reported his return from furlough, is allowed subsidiary leave for a period not exceeding thirty days, to enable him to join his appointment.

Mr. A. Manson, Officiating Magistrate and Collector, Pooree, is appointed to act as Magistrate and Collector of Rungpore during the absence, on leave, of Mr. Glazier, or until further orders.

The 5th October 1876.—Mr. J. Ware Edgar, C.S.I., Deputy Commissioner of Darjeeling, is appointed to act in the Second Grade of Deputy Commissioners during the absence, on deputation, of Mr. H. L. Oliphant, or until further orders.

Mr. G. J. B. T. Dalton, Officiating Deputy Commissioner of Cooch Behar, is appointed to act in the Third Grade of Deputy Commissioners during the absence, on deputation, of Mr. J. W. Edgar, or until further orders.

The 6th October 1876.—Baboo Chunder Sekur Banerjee, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Bongong division of the Nuddea district, having returned to duty on the 8th September 1876, the unexpired portion of the leave granted to him under the orders of the 9th June 1876, is cancelled.

The 9th October 1876.—Baboo Burmadeo Narain is appointed to officiate as a Sub-Deputy Collector of the Second Grade in the Jehanabad division of the Gya district, *vice* Mahomed Ulnobi, on special duty in the Irrigation Department.

The 10th October 1876.—Mr. H. Bell, Superintendent and Remembrancer of Legal Affairs, is appointed to be President of the Central Examination Committee for the second half-yearly departmental examination of Assistants and others of 1876.

OPIUM.—*The 1st October* 1876.—Mr. M. Rivett-Carnac, Officiating Sub-Deputy Opium Agent, Benares Agency, is appointed to be an Assistant Sub-Deputy Opium Agent of the Third Grade, *vice* Mr. H. N. Snell, resigned.

Mr. R. W. Blair, Officiating Assistant Sub-Deputy Opium Agent, Behar Agency, is appointed to be an Assistant Sub-Deputy Opium Agent of the Third Grade, *vice* Mr. A. H. Cumberland, removed.

MEDICAL.—*The 19th July* 1876.—Assistant Surgeon Radha Ruman Ghose, M.B., a supernumerary at the Presidency, is appointed to be House Physician in the Calcutta Medical College.

[*Government Gazette, 17th October* 1876.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

২১৯৩C.S. নম্বর।

সাধারণ।—১৮৭৬ সাল ৩০ সেপ্টেম্বর।—দমদমা সেনানিবেশের মাজিষ্ট্রেট লেপ্টেনেণ্ট শ্রীযুত এ, ই, গর্ডন সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে আগামি মাসের ৪ তারিখ অবধি এক মাস ছাব্বিশ দিন ছুটী পাইয়াছেন।

লেপ্টেনেণ্ট শ্রীযুত এ, ই, গর্ডন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ২৪ পরগনা জিলার অন্তর্গত বারাসৎ মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ, লী, সাহেব আপন কর্ম্মাতিরিক্ত দমদমা সেনানিবেশের মাজিষ্ট্রেটের ও ঐ সেনানিবেশের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন।

সাঁওতাল পরগনার বন্দোবস্তী কার্য্যের ডেপুটী কর্ত্তৃপক্ষ শ্রীযুত ডবলিউ. এম, স্মিথ সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ৩ অক্টোবর।—মুরশিদাবাদ জিলার অন্তর্গত শহর মুরশিদাবাদ মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রমেশচন্দ্র মুখোপাধ্যায় নদীয়া জিলার অর্গন্তত রাণাঘাট মহকুমার কার্য্যের ভারগ্রহণার্থে নিযুক্ত হইলেন।

নদীয়া জিলার অন্তর্গত রাণাঘাট মহকুমার কার্য্যের অধ্যক্ষতার ভার প্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু দীননাথ আঢ্য মুরশিদাবাদ জিলার অন্তর্গত শহর মুরশিদাবাদ মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ৪ অক্টোবর।—পুরীর মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জোসেফ সামুয়েল আর্ম্মষ্ট্রং সাহেব নিয়মিত ছুটীহইতে প্রত্যাগমন করিয়াছেন রিপোর্ট করাতে আপন কর্ম্ম গ্রহণ করিতে পারিবার নিমিত্তে ত্রিশ দিন পর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

শ্রীযুত গ্লেজিয়র সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পুরীর একটিং মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এ, মানসন সাহেব রঙ্গপুরের মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ৫ অক্টোবর।—রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত এচ, এল, আলিফাণ্ট সাহেবের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত দার্জিঙ্গের ডেপুটী কমিশ্যনর শ্রীযুত জে, ওয়ার এডগার সাহেব, সি, এস, আই, ডেপুটী কমিশ্যনরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন।

রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত জে, ডবলিউ, এডগার সাহেবের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত কুচবিহারের একটিং ডেপুটী কমিশ্যনর শ্রীযুত জি, জে, বি, টি, ডালটন সাহেব ডেপুটী কমিশ্যনরদের তৃতীয় শ্রেণীমতে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ৬ অক্টোবর।—নদীয়া জিলার অন্তর্গত বনগাঁ মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু চন্দ্রশেখর বন্দ্যোপাধ্যায় ১৮৭৬ সালের ৮ সেপ্টেম্বরে কর্ম্মে প্রত্যাগমন করাতে ১৮৭৬ সালের জুন মাসের ৯ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

১৮৭৬ সাল ৯ অক্টোবর।—শ্রীযুত মহম্মদ উলনবী জলসেচন কার্য্যবিভাগে বিশেষ কর্ম্মে নিযুক্ত হওয়াতে তৎপরিবর্ত্তে, শ্রীযুত বাবু ব্রহ্মদেব নারায়ণ গয়া জিলার অন্তর্গত জাহানাবাদ মহকুমায় দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১০ অক্টোবর।—রাজকীয় মোকদ্দমার সুপরিন্টেণ্ডেণ্ট ও প্রয়োজক শ্রীযুত এচ বেল সাহেব আসিষ্টাণ্ট প্রভৃতিদের কার্য্যবিভাগ সম্পর্কীয় ১৮৭৬ সালের দ্বিতীয় ষাণ্মাসিক পরীক্ষা করণার্থ সদর পরীক্ষক কমিটীর সভাপতির পদে নিযুক্ত হইলেন।

আফীন সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১ অক্টোবর।—শ্রীযুত এচ, এন, স্নেল সাহেব কর্ম্ম ত্যাগ করাতে তৎপরিবর্ত্তে বানারস এজেন্টীর আফীনের একটিং সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত রিবেট-কার্ণাক সাহেব আফীনের তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেণ্টের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত এ, এচ, কম্বরলাণ্ড সাহেব কর্ম্মহইতে অপসৃত হওয়াতে তৎপরিবর্ত্তে বিহার এজেণ্টীর আফীনের একটিং আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেণ্ট শ্রীযুত আর, ডবলিউ, ব্লের সাহেব আফীনের তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেণ্টের পদে নিযুক্ত হইলেন।

চিকিৎসা সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৯ জুলাই।—রাজধানীতে অতিরিক্ত আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত রাধারমণ ঘোষ, এম, বি, কলিকাতার মেডিকাল কালেজে হৌস ফিজিশ্যনের পদে নিযুক্ত হইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ১৭ অক্টোবর।]

The 9th October 1876.—Baboo Ram Anugra Narain, Manager, Court of Wards, Sarun, is appointed to be a member of the Committee for the management of the Charitable Dispensary at Chuprah.

Third Grade Assistant Surgeon Grish Chunder Bhar is appointed to have medical charge of the dispensary at and sub-division of Sasseeram, *vice* Assistant Surgeon Shama Churn Mozoomdar.

MUNICIPAL.—*The 22nd September* 1876.—Under Section 30, Act V (B.C.) of 1876, the Lieutenant-Governor has been pleased to approve of the election by the Commissioners of the Municipality of Gya of Mr. H. G. Sharp, the Joint-Magistrate of that district, to be their Vice-Chairman.

Prince Mahommed Ruheemuddin, of Tollygunge, is appointed to be a Commissioner for the Municipality of the Suburbs of Calcutta.

The 10th October 1876.—Mr. E. T. Roberts is appointed to be a Commissioner of the town of Calcutta under Section 6, Act IV (B.C.) of 1876.

Mr. W. H. Grimley is appointed to be a Commissioner of the town of Calcutta under Section 6, Act IV (B.C.) of 1876.

ECONOMIC MUSEUM.—*The 9th October* 1876.—Baboo Ram Anugra Narain, Manager Court of Wards' Estate in Sarun, is appointed to be a member of the District Economic Museum Committee of Sarun.

ROAD CESS.—*The 9th October* 1876.—Perganait Janak Sing, Zemindar, is appointed to be a member of the District Road Cess Committee of Lohardugga, *vice* Perganait Jugodeo Sing, Roy Bahadoor, deceased.

ERRATUM.—*The 10th October* 1876.—In the orders of the 19th September 1876, appointing certain gentlemen to be Commissioners of the Busseerhat Municipality—

For "Rash Mohun Bwie," *read* "Rash Mohun Bose."

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 9th October 1876.—It is notified for general information that the next half-yearly departmental examination of Assistants and Deputy Magistrates in the Regulation and Non-Regulation districts, and of officers in the Police and Opium Departments, will begin on Thursday, the 9th November 1876.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

ROAD CESS NOTIFICATION.

DISTRICT OF PATNA.

The 6th October 1876.—It is notified, under Section 75 of Act X (B.C.) of 1871 (the District Road Cess Act), that the Road Cess Committee of the district of Patna have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the current cess year running from the 1st October 1876 at the following rates, being half the maximum rates, and the said rates are published accordingly.

I. Three pies, or one pice, on every rupee of the annual value of lands under Part II of the Act.

II. The following rates on non-agricultural houses and shops estimated to be of the present value of—

			Yearly Cess. Rs.	A.	P.
Not less than Rs. 100,	but less than Rs.	500	... 0	8	0
„ 500,	„	1,000	... 1	8	0
„ 1,000,	„	2,000	... 2	4	0

„ 2,000 and upwards, Re. 1-8 for every Rs. 1,000, or part thereof, of estimated present value.

[*Government Gazette, 17th October* 1876.]

১৮৭৬ সাল ৯ অক্টোবর।—সারণের কোর্ট ওয়ার্ডসের কার্য্যাধ্যক্ষ শ্রীযুত বাবু রামানুগ্রহ নারায়ণ ছাপরায় দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীতে নিযুক্ত হইলেন।

আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত শ্যামাচরণ মজুমদারের পরিবর্ত্তে তৃতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত গিরীশচন্দ্র ভড় শাসিরাম মহকুমার ও ঔষধালয়ের চিকিৎসা কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

মুনিসিপল সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ২২ সেপ্টেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব গয়ার মুনিসিপলিটীর কমিশ্যনরদের কর্ত্তৃক ঐ জিলার জাইণ্ট মাজিষ্ট্রেট শ্রীযুত এচ, জি, শার্প সাহেবকে প্রতিনিধি সভাপতির পদে মনোনীত করণ ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৩০ ধারামতে অনুমোদন করিলেন।

টালীগঞ্জের শাহজাদা শ্রীযুত মহম্মদ রহিমদ্দীন কলিকাতার শাখানগরের মুনিসিপলিটীর কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১০ অক্টোবর।—শ্রীযুত ই, টি, রবর্টস সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনের ৬ ধারামতে কলিকাতা নগরের কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত ডবলিউ, এচ, গ্রিমলী সাহেব ১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনের ৬ ধারামতে কলিকাতা নগরের কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

ইকনমিক মিউসিয়ম সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ৯ অক্টোবর।—সারণের রাজানুপালিতের ইষ্টেটের কার্য্যাধ্যক্ষ শ্রীযুত বাবু রামানুগ্রহ নারায়ণ সারণ জিলার ইকনমিক মিউসিয়ম কমিটীতে নিযুক্ত হইলেন।

পথকর সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ৯ অকটোবর।—পরগনাইৎ জগদেব সিংহ রায় বাহাদুরের মৃত্যু হওয়াতে তৎপরিবর্ত্তে পরগনাইৎ শ্রীযুত জনক সিংহ জমীদার লোহারডগা জিলার পথকর কমিটীতে নিযুক্ত হইলেন।

অশুদ্ধশোধন।—১৮৭৬ সাল ১০ অক্টোবর।—বশীরহাট মুনিসিপালিটীর কমিশন্যরের পদে কএক মহাশয়ের নিয়োগ বিষয়ক ১৮৭৬ সালের ১৯ সেপ্টেম্বরের আজ্ঞার মধ্যে,—

"শ্রীযুত রাসমোহন বৌই" এই নামের পরিবর্ত্তে "শ্রীযুত রাসমোহন বসু" পাঠ করিতে হইবে।

আর, এল, মাঙ্গেল্‌স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ৯ অক্টোবর।—আইনের অধীন ও আইন বহির্ভূত জিলার আসিষ্টাণ্টদের ও ডেপুটী মাজিষ্ট্রেটদের এবং পোলীস ও আফীন সম্পর্কীয় কার্য্যবিভাগের কার্য্যকারকদের কার্য্যবিভাগ সম্পর্কীয় আগামি ষাণ্মাসিক পরীক্ষা ১৮৭৬ সালের নবেম্বর মাসের ৯ তারিখ বৃহস্পতিবারে আরম্ভ হইবে, সাধারণের জ্ঞানার্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল।

আর, এল, মাঙ্গেল্‌স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

পাটনা জিলার
পথকর বিষয়ক বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ৬ অক্টোবর।—প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৫ ধারামতে এই সম্বাদ দেওয়া গেল। ঐ আইনে পথকরের যে অত্যুচ্চ হার ধার্য্য হইয়াছে পাটনা জিলার পথকর সম্পর্কীয় কমিটী ঐ আইনের ৭৪ ধারানুসারে কর আদায়ের চলিত বৎসরে অর্থাৎ ১৮৭৬ সালের অক্টোবর মাসের ১ তারিখ অবধি তাহার অর্দ্ধেক হারে কর আদায় করিতে স্থির করিয়াছেন। অতএব সেই হার প্রকাশ করা গেল।

১।—উক্ত আইনের দ্বিতীয় অধ্যায়ানুসারে ভূমির যত টাকা বার্ষিক মূল্য ধরা গিয়াছে তাহার উপর টাকা প্রতি ৴৫ এক পয়সা।

২।—কৃষকদের ঘরছাড়া অন্য ঘরের ও দোকানের উপর
এই হারে,—

এইক্ষণকার আনুমানিক মূল্য				বার্ষিক কর টাকা।
১০০৲ টাকা অবধি	৫০০৲ টাকা পর্য্যন্ত	...	...	।।০
৫০০৲ ,,	১০০০৲ ,,	...	...	১।।০
১০০০৲ ,,	২০০০৲ ,,	...	...	২।০

মূল্য ২০০০৲ টাকার কম না হইলে তাহার অধিক যত হউক, সহস্রের কিম্বা তাহার কোন অংশের ১॥০ টাকা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ১৭ অক্টোবর।]

Shops and buildings used for purposes of trade, whose estimated present value is more than Rs. 25 and less than Rs. 100, to pay a yearly tax of eight annas.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

ROAD CESS NOTIFICATION.

DISTRICT OF JESSORE.

The 9th October 1876.—It is notified, under Section 75 of Act X (B.C.) of 1871 (the District Road Cess Act), that the Road Cess Committee of the district of Jessore have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the current cess year, beginning on the 1st of October 1876, at the following rates :—

I. Six pies, or two pice, on every rupee of the annual value of lands under Part II of the Act.

II. The following are the rates on non-agricultural dwelling-houses and shops estimated to be of the present value of—

			Yearly Cess. Rs.	A.	P.
Not less than Rs.	100, but less than Rs.	500 ...	1	0	0
,,	500, ,,	1,000 ...	3	0	0
,,	1,000, ,,	2,000 ...	4	8	0

,, 2,000 and upwards, Rs. 3 for every Rs. 1,000, or part thereof, of estimated present value.

Shops and buildings used for the purposes of trade, whose estimated present value is more than Rs. 25 and less than Rs. 100, to pay a yearly tax of one rupee.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

ROAD CESS NOTIFICATION.

DISTRICT OF TIPPERAH.

The 9th October 1876.—It is notified, under Section 75 of Act X (B.C.) of 1871 (the District Road Cess Act), that the Road Cess Committee of the district of Tipperah have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the cess year running from 1st October 1876 to 30th September 1877 at the maximum rates, and the said rates are published accordingly :—

I. Six pies, or two pice, on every rupee of the annual value of lands under Part II of the Act.

II. The following rates on non-agricultural houses and shops, estimated to be of the present value of—

			Yearly Cess. Rs.	A.	P.
Not less than Rs.	100, but less than Rs.	500 ...	1	0	0
,,	500, ,,	1,000 ...	3	0	0
,,	1,000, ,,	2,000 ...	4	0	0

,, 2,000 and upwards, Rs. 3 for every Rs. 1,000, or part thereof, of the estimated present value.

Shops and buildings used for purposes of trade, whose estimated present value is more than Rs. 25 and less than Rs. 100, to pay a yearly tax of one rupee.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

দোকান ও অন্য যে ঘর ব্যবসায়কার্য্যে ব্যবহার হইয়া থাকে তাহার এইক্ষণকার মূল্য ২৫৲ টাকার অধিক ও ১০০৲ টাকার কম করিয়া ধরা গেলে, তাহার উপর বৎসর ।।০ আট আনা টাক্স লাগিবে।

এচ, জে, রেনলডস্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

যশোহর জিলার

পথকর বিষয়ক বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ৯ অক্টোবর।—প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৫ ধারামতে এই সম্বাদ দেওয়া গেল। যশোহর জিলার পথকর সম্পর্কীয় কমিটী ঐ আইনের ৭৪ ধারানুসারে কর আদায়ের চলিত বৎসরে অর্থাৎ ১৮৭৬ সালের অক্টোবর মাসের ১ তারিখ অবধি নিম্নলিখিত হারে কর আদায় করিতে স্থির করিয়াছেন।

১।—আইনের দ্বিতীয় অধ্যায়ানুসারে ভূমির যত টাকা বার্ষিক মূল্য ধরা গিয়াছে তাহার উপর টাকা প্রতি ৴১০ দুই পয়সা।

২।—কৃষকদের ঘর ছাড়া অন্য ঘরের ও দোকানের উপর

এই হারে—

এইক্ষণকার আনুমানিক মূল্য					বার্ষিক কর। টাকা।
১০০৲ টাকা অবধি	৫০০৲ টাকা পর্য্যন্ত	...	...		১৲
৫০০৲ ,,	১০০০৲ ,,	...	...		৩৲
১০০০৲ ,,	২০০০৲ ,,	...	...		৪।।০

মূল্য ২০০০৲ টাকার কম না হইলে তাহার অধিক যত হউক, সহস্রের কিম্বা তাহার কোন অংশের ৩ টাকা।

দোকান ও অন্য যে ঘর ব্যবসায়কার্য্যে ব্যবহার হইয়া থাকে তাহার এইক্ষণকার মূল্য ২৫৲ টাকার অধিক ও ১০০৲ টাকার কম করিয়া ধরা গেলে, তাহার উপর বৎসর ১৲ টাকা টাক্স লাগিবে।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

ত্রিপুরা জিলার

পথকর বিষয়ক বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ৯ অক্টোবর।—প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৫ ধারামতে এই সম্বাদ দেওয়া গেল। ঐ আইনে পথকরের যে অত্যুচ্চ হার ধার্য্য হইয়াছে ত্রিপুরা জিলার পথকর সম্পর্কীয় কমিটী ঐ আইনের ৭৪ ধারানুসারে কর আদায়ের বৎসরে অর্থাৎ ১৮৭৬ সালের অক্টোবর মাসের ১ তারিখ অবধি ১৮৭৭ সালের সেপ্টেম্বর মাসের ৩০ তারিখ পর্য্যন্ত সেই হারে কর আদায় করিতে স্থির করিয়াছেন। অতএব সেই হার প্রকাশ করা গেল।

১।—আইনের দ্বিতীয় অধ্যায়ানুসারে ভূমির যত টাকা বার্ষিক মূল্য ধরা গিয়াছে তাহার উপর টাকা প্রতি ৴১০ দুই পয়সা।

২।—কৃষকদের ঘর ছাড়া অন্য ঘরের ও দোকানের উপর

এই হারে,—

এইক্ষণকার আনুমানিক মূল্য					বার্ষিক কর। টাকা।
১০০৲ টাকা অবধি	৫০০৲ টাকা পর্য্যন্ত	...	...		১৲
৫০০৲ ,,	১০০০৲ ,,	...	...		৩৲
১০০০৲ ,,	২০০০৲ ,,	...	...		৪৲

মূল্য ২০০০৲ টাকার কম না হইলে তাহার অধিক যত হউক, সহস্রের কিম্বা তাহার কোন অংশের ৩৲ টাকা।

দোকান ও অন্য যে ঘর ব্যবসায়কার্য্যে ব্যবহার হইয়া থাকে তাহার এইক্ষণকার মূল্য ২৫৲ টাকার অধিক ও ১০০৲ টাকার কম করিয়া ধরা গেলে, তাহার উপর বৎসর ১৲ এক টাকা টাক্স লাগিবে।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ১৭ অক্টোবর।]

NOTIFICATION.

The 7th October 1876.—Under the provisions of Section 1 of Act IV (B.C.) of 1873, the Lieutenant-Governor is pleased to direct that from 1st November 1876 all births and deaths occurring within the limits of the town of Hajeepore, in the Mozufferpore district, shall be registered.

2. For the purposes of this Act the boundaries of the said town of Hajeepore shall be the same as those specified in the Government Notification dated 24th March 1869, published in the *Calcutta Gazette* of that date, for the purposes of Act VI (B.C.) of 1868.

3. From and after 1st November 1876 the whole Act IV (B.C.) of 1873 shall apply to the entire area above defined.

H. J. S. COTTON,
Junoir Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 7th October 1876.—Under the provisions of Section 1 of Act IV (B.C.) of 1873, the Lieutenant-Governor is pleased to direct that from 1st November 1876 all births and deaths occurring within the limits of the Union of Seetamurhee, in the Mozufferpore district, shall be registered.

2. For the purposes of this Act the boundaries of the said Union of Seetamurhee shall be the same as those specified in the Government Notification dated 21st April 1870, published in the *Calcutta Gazette* of 27th April 1870, for purposes of Act XX of 1856.

3. From and after 1st November 1876 the whole Act IV (B.C.) of 1873 shall apply to the entire area above defined.

H. J. S. COTTON,
Junior Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 7th October 1876.—Under the provisions of Section 1 of Act IV (B.C.) of 1873, the Lieutenant-Governor is pleased to direct that from 1st November 1876 all births and deaths occurring within the limits of the town of Cuttack, in the Cuttack district, shall be registered.

2. For the purposes of this Act the boundaries of the said town of Cuttack shall be the same as those specified in the Government Notification dated 15th March 1869, published in the *Calcutta Gazette* of the 17th March 1869, for the purposes of Act VI (B.C.) of 1868.

3. From and after 1st November 1876 the whole Act IV (B.C.) of 1873 shall apply to the entire area above defined.

H. J. S. COTTON
Junior. Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 6th October 1876.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense, for a public purpose, viz. for a Post Office at Muradnugur, in the village of Rohimpore, pergunnah Bardakhat, thana Thollah, zillah Tipperah, it is hereby declared that a piece of land measuring, more or less, 84 by 78 feet of the standard measurement, bounded on the north by a footpath, in front of Doorgaram Moody's shop; south by the road on the bank of the Gomati river; east by the road dividing this land from the school compound; west by the road leading from the bazar to the river ghât, is required within the aforesaid village of Rohimpore.

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 17*th October* 1876.]

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ৭ অক্টোবর।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের ১ ধারার বিধানমতে এই আজ্ঞা করিলেন। মজফরপুর জিলার অন্তর্গত হাজিপুর নগরের সীমার মধ্যে ১৮৭৬ সালের নবেম্বর মাসের ১ তারিখ অবধি জন্ম ও মৃত্যু রেজিষ্টরী করিতে হইবে।

২। ১৮৬৮ সালের বঙ্গীয় ৬ আইনের কার্য্যপক্ষে উক্ত হাজিপুর নগরের যে সীমা ১৮৬৯ সালের মার্চ মাসের ২৪ তারিখের গবর্ণমেন্ট জ্ঞাপনপত্রে নির্দ্দিষ্ট হইয়া ১৮৬৯ সালের আপ্রিল মাসের ৬ তারিখের বাঙ্গালা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ করা যায় এই আইনের কার্য্যপক্ষেও উক্ত নগরের সেই সীমা হইবে।

৩। ১৮৭৬ সালের নবেম্বর মাসের ১ তারিখ অবধি ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের সমুদয় উপরোক্ত সীমার অন্তর্গত সর্ব্বত্র বর্ত্তিবে।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের দ্বিতীয় সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ৭ অক্টোবর।—শ্রীযুত লেপ্টেনেন্ট গববনর সাহেব ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের ১ ধারার বিধনামতে এই আজ্ঞা করিলেন। মজফর জিলার অন্তর্গত সীতামঢ়ী গ্রাম সমাহারের সীমার মধ্যে ১৮৭৬ সালের নবেম্বর মাসের ১ তারিখ অবধি জন্ম ও মৃত্যু রেজিষ্টরী করিতে হইবে।

২। ১৮৫৬ সালের ২০ আইনের কার্য্যপক্ষে উক্ত সীতামঢ়ী গ্রাম সমাহারের যে সীমা ১৮৭০ সালের আপ্রিল মাসের ২১ তারিখের গবর্ণমেন্ট জ্ঞাপনপত্রে নির্দ্দিষ্ট হইয়া ১৮৭০ সালের মে মাসের ৩ তারিখের বাঙ্গালা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ করা যায় এই আইনের কার্য্যপক্ষেও উক্ত গ্রাম সমাহারের সেই সীমা হইবে।

৩। ১৮৭৬ সালের নবেম্বর মাসের ১ তারিখ অবধি ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের সমুদয় উপরোক্ত সীমার অন্তর্গত সর্ব্বত্র বর্ত্তিবে।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের দ্বিতীয় সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ৭ অক্টোবর।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের ১ ধারার বিধানমতে এই আজ্ঞা করিলেন। কটক জিলার অন্তর্গত কটক নগরের সীমার মধ্যে ১৮৭৬ সালের নবেম্বর মাসের ১ তারিখ অবধি জন্ম ও মৃত্যু রেজিষ্টরী করিতে হইবে।

২। ১৮৬৮ সালের বঙ্গীয় ৬ আইনের কার্য্যপক্ষে কটক নগরের যে সীমা ১৮৬৯ সালের মার্চ মাসের ১৫ তারিখের গবর্ণমেন্ট জ্ঞাপনপত্রে নির্দ্দিষ্ট হইয়া ১৮৬৯ সালের মার্চ মাসের ২৩ তারিখের বাঙ্গলা গবর্ণমেন্ট গেজেটে প্রকাশ করা যায় এই আইনের কার্য্যপক্ষেও উক্ত নগরের সেই সীমা হইবে।

৩। ১৮৭৬ সালের নবেম্বর মাসের ১ তারিখ অবধি ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের সমুদয় উপরোক্ত সীমার অন্তর্গত সর্ব্বত্র বর্ত্তিবে।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেন্টের দ্বিতীয় সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ৬ অক্টোবর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ত্রিপুরা জিলার অন্তর্গত থোল্লা থানার সামিল বরদাখাত পরগনার রহিমপুর গ্রামে মুরাদনগরের ডাকঘর প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত রহিমপুর গ্রামে কষ্টিমতে ন্যূনাধিক ৮৪ ফুট দীর্ঘ ও ৭৮ ফুট প্রস্ত এক খণ্ড ভূমি প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা দুর্গারাম মুদীর দোকানের সম্মুখস্থ পদ ব্রজে গমনের পথ, দক্ষিণ সীমা গোমতী নদীর তটস্থ পথ, পূর্ব্ব সীমা এই ভূমি ও স্কুল বাটীর সীমার মধ্যগত পথ, পশ্চিম সীমা বাজারহইতে নদীর ঘাটে যাইবার পথ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এচ, জে, রেনল্‌ডস,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৬। ১৭ অক্টোবর।]

DECLARATION.

The 6th October 1876.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for protection of railway bridges in the villages of Sreekoond and Moharajpore, pergunnah Kankjole, zillah Sonthal Pergunnahs, it is hereby declared that for the above purpose three pieces of land as described below, and measuring, more or less, 30 beeghas 9 cottahs and 9½ chittacks of standard measurement, are required within the aforesaid villages of Sreekoond and Moharajpore :—

Two pieces of land, numbered 1 and 2 on the plan and schedule to be inspected at the Deputy Commissioner's Office, are bounded as follows :—

To the north and north-west side, by the river Gomanee; to the south and south-west side, by the lands forming part of the lands of the village of Sreekoond, detailed as noted below; and to the east end, only by the Railway Company's land that lie to the up-stream side of the railway bridge, and to the south bank of the river; further, these two pieces of land form a strip, commencing from the up-stream side of the railway bridge from the Railway Company's boundary, 1,285 feet in length, alongside the river's bank, with a width of 100 feet, and is continued on for a further distance of 1,110 feet, with a width of 200 feet.

Occupiers' Names.	*Piece No.* 1.
Sahebdeen Mondle.	*Plot* 1.—North by Gomanee river; South by Anardee Sheike's land; East by Sadoo Khan's land; West by Khoodee Sheike's land.
Sheo Churn Bhogot.	*Plot* 2.—North by Gomanee river; South by Sahebdeen Mondle's land; East by Sadoo Khan's land; West by Bhojun Shaw's land.
Khoodee Sheike.	*Plot* 3.—North by Bhojun Shaw's land; South by Hazee Sheike's land; East by Sahebdeen Mondle's land; West by Hazee Sheike's land.
Bhojun Shaw.	*Plot* 4.—North by Gomanee river; South by Khoodee Sheike's land; East by Sheo Churn Bhogot's land; West by Hazee Sheike's land.
Ahgnee Bawah.	*Plot* 5.—North by Gomanee river; South by Shiboo Mondle's land; West by Jhooboo's land; East by Ahgnee Bawah's land.
Jhooboo Mistree.	*Plot* 6.—North by Gomanee river; South by Shiboo Mondle's land; West by Anardee Sheik's land; East by Ahgnee Bawah's land.
Hazee Sheike.	*Plot* 7.—North by Gomanee river; South by Shiboo Mondle's land; West by Ahgnee Bawah's land; East by Khoodee Shaw's land.
Shiboo Mondle.	*Plot* 8.—North by Ahgnee Bawah's land; South by Sheo Churn Bhogot's land; West by Absruttee Bawah's land; East by Khoodee Sheike's land.
Shadoo Khan.	*Plot* 9.—North by Gomanee river; South by Thuriba Mondle's land; West by Sahebdeen's land; East by Sheo Churn Bhogot's land.

[*Government Gazette*, 17*th October* 1876.]

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ৬ অক্টোবর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ সাঁওতাল পরগনা জিলার অন্তর্গত কাঁকজোল পরগনার শ্রীকুণ্ড ও মহারাজপুর গ্রামে রেলওয়ের সাঁকো রক্ষা করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত শ্রীকুণ্ড ও মহারজপুর গ্রামে কষ্টিমতে ন্যূনাধিক ৩০।৪।।/১০ ছটাক পরিমিত নিম্নলিখিত তিন খণ্ড ভূমির প্রয়োজন।

১ ও ২ নম্বরের দুই খণ্ড ভূমির নক্সা ও তফসীল ডেপুটী কমিশ্যনরের আফিসে দেখা যাইতে পারিবে, তাহার সীমা এই২,—

উত্তর ও উত্তরপশ্চিম দিগে গোমানী নদী, দক্ষিণ ও দক্ষিণপশ্চিম দিগে শ্রীকুণ্ড গ্রামের ভূমির কিয়দংশ, ইহার বিস্তারিত বিবরণ নিম্নভাগে লেখা গেল, পূর্ব্ব সীমায় রেলওয়ে সাঁকোর উজানদিগে ও নদীর দক্ষিণ তটে কেবল রেলওয়ে কোম্পানির ভূমি, তাহার ওদিগে উক্ত দুই খণ্ড ভূমি রেলওয়ে সাঁকোর উজানদিগে রেলওয়ে কোম্পানির সীমাহইতে আরম্ভ হইয়া নদীর তটে ১২৮৫ ফুট দীর্ঘ ও ১০০ ফুট প্রস্ত আরো ১,১১০ ফুট দূরে ও ২০০ প্রস্ত হইয়া যায়।

দখীলকারের নাম।	১ নং খণ্ড।
সাহেবদ্দীন মণ্ডল।	১ খণ্ড।—উত্তর সীমা গোমানী নদী। দক্ষিণ সীমা আনরদ্দী সেখের ভূমি। পূর্ব্বসীমা সাধু খাঁর ভূমি। পশ্চিমসীমা খুদি সেখের ভূমি।
শিবচরণ ভক্ত।	২ খণ্ড।—উত্তর সীমা গোমানী নদী। দক্ষিণ সীমা সাহেবদীন মণ্ডলের ভূমি। পূর্ব্ব সীমা সাধুখাঁর ভূমি। পশ্চিম সীমা ভোজনশার ভূমি।
খুদি সেখ।	৩ খণ্ড।—উত্তর সীমা ভোজন শার ভূমি। দক্ষিণ সীমা হাজি সেখের ভূমি। পূর্ব্ব সীমা সাহেবদীন মণ্ডলের ভূমি। পশ্চিম সীমা হাজি সেখের ভূমি।
ভোজন শা।	৪ খণ্ড।—উত্তর সীমা গোমানী নদী। দক্ষিণ সীমা খুদি সেখের ভূমি। পূর্ব্ব সীমা শিবচরণ ভক্তের ভূমি। পশ্চিম সীমা হাজি সেখের ভূমি।
আহগনি বেওয়া।	৫ খণ্ড।—উত্তর সীমা গোমানী নদী। দক্ষিণ সীমা শিব মণ্ডলের ভূমি। পশ্চিম সীমা ঝুবুর ভূমি। পূর্ব্ব সীমা আহগনি বেওয়ার ভূমি।
ঝুবু মিস্ত্রী।	৬ খণ্ড।—উত্তর সীমা গোমানী নদী। দক্ষিণ সীমা শিবমণ্ডলের ভূমি। পশ্চিম সীমা আনর্দ্দী সেখের ভূমি। পূর্ব্ব সীমা আহগনি বেওয়ার ভূমি।
হাজী সেখ।	৭ খণ্ড।—উত্তর সীমা গোমানী নদী। দক্ষিণ সীমা শিব মণ্ডলের ভূমি। পশ্চিম সীমা আহগনি বেওয়ার ভূমি। পূর্ব্ব সীমা খুদিশার ভূমি।
শিব মণ্ডল।	৮ খণ্ড।—উত্তর সীমা আহগনি বেওয়ার ভূমি। দক্ষিণ সীমা শিবচরণ ভক্তের ভূমি। পশ্চিম সীমা আবসরতী বেওয়ার ভূমি। পূর্ব্ব সীমা খুদি সেখের ভূমি।
সাধু খাঁ।	৯ খণ্ড।—উত্তর সীমা গোমানী নদী। দক্ষিণ সীমা থরিবা মণ্ডলের ভূমি। পশ্চিম সীমা সাহেবদিনের ভূমি। পূর্ব্ব সীমা শিবচরণ ভক্তের ভূমি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ১৭ অক্টোবর।]

Occupiers' Names.	*Piece No* 1.
Sapin Bawah.	*Plot* 10.—North by Gomanee river; South by Sheo Churn Bhogot's land; West by Sadoo Khan's land; East by Poltoo Sheike's land.
Saha Bawah.	*Plot* 11.—North by Thuriba Mondle's land; South by stream; West by Gomanee river; East by Hazee Sheike's land.
Poltoo Sheike.	*Plot* 12.—North by Alla Bux's land; South by Saha Bawah's land; West by Gomanee river; East by Thuriba Mondle's land.
Alla Bux.	*Plot* 13.—North by Thuriba Mondle's land; South by Poltoo Sheike's land; West by Gomanee river; East by Thuriba Mondle's land.
Pownde Morol.	*Plot* 14.—North by Gomanee river; South by Thuriba Mondle's land; West by Gomanee river; East by Railway land.

Piece No. 2.

Waste land along the right bank of the Gomanee river, and no rth and west of the plots included in piece No. 1.

Piece No. 3.

One piece, numbered 3 on the plan and schedule, is bounded to the north and north-west by part of the land of the village of Moharajpore, as detailed below,* in three plots; to the south and south-east by the river Gomanee; and to the east only by the Railway Company's land that lie on the up-stream side of the railway bridge.

This strip of land extends along the river bank 510 feet in width, as shown on the plan :—

* Brindabun Surnakur.	*Plot* 1.—North and West by zemindary tank and Abdool Hakim ryot's land; South by Gomanee river; East by Railway Company's land.
Abdool Hakim.	*Plot* 2.—North by Ryetoollah's land; South by Gomanee river; West by Shitanauth Mondle's land; East by plot No. 1.
Ryetoollah.	*Plot* 3.—North by zemindary land; South by Abdool Hakim's land; West by Shitanauth Mondle's land; East by plot No. 2.

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 9th October 1876.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for a Government Telegraph Office, in the village of Char Pallunda, Pergunnah Shazapore, zillah Furreedpore, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 3 beeghas and 10 cottahs of standard measurement, bounded on the west by the Goalunda-Furreedpore Road; on the east by the new Station Road; on the south by the new railway line; on the north by a village road, and in the occupation of Jamir Shaikh and others, is required in the aforesaid village of Char Pallunda.

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 17th October* 1876.]

দখীল কারের নাম। ১ নং খণ্ড।

সাপিন বেওয়া। ১০ খণ্ড।—উত্তর সীমা গোমানী নদী।
দক্ষিণ সীমা শিবচরণ ভক্তের ভূমি।
পশ্চিম সীমা সাধু খাঁর ভূমি।
পূর্ব্ব সীমা পোলতু সেখের ভূমি।

শাহ বেওয়া। ১১ খণ্ড।—উত্তর সীমা থরিবা মণ্ডলের ভূমি।
দক্ষিণ সীমা জল স্রোত।
পশ্চিম সীমা গোমানী নদী।
পূর্ব্ব সীমা হাজি সেখের ভূমি।

পোলতু সেখ। ১২ খণ্ড।—উত্তর সীমা আল্লাবক্সের ভূমি।
দক্ষিণ সীমা শাহ বেওয়ার ভূমি।
পশ্চিম সীমা গোমানী নদী।
পূর্ব্ব সীমা থরিবা মণ্ডলের ভূমি।

আল্লাবক্স। ১৩ খণ্ড।—উত্তর সীমা থরিবা মণ্ডলের ভূমি।
দক্ষিণ সীমা পোল্‌তু সেখের ভূমি।
পশ্চিম সীমা গোমানী নদী।
পূর্ব্ব সীমা থরিবা মণ্ডলের ভূমি।

পৌন্দ মোড়ল। ১৪ খণ্ড।—উত্তর সীমা গোমানী নদী।
দক্ষিণ সীমা থরিবা মণ্ডলের ভূমি।
পশ্চিম সীমা গোমানী নদী।
পূর্ব্ব সীমা রেলওয়ের ভূমি।

২ নং খণ্ড।

গোমানী নদীর দক্ষিণ তটে ও ১ নং খণ্ডের মধ্যে ধৃত ভূমির উত্তর ও পশ্চিম দিগে পতিত ভূমি।

৩ নং খণ্ড।

নক্‌শার ও তফসীলের ৩ নম্বরের এক খণ্ড ভূমি, তাহার উত্তর ও উত্তরপশ্চিম সীমা মহারাজপুর গ্রামের তিন খণ্ড ভূমির একাংশ তাহার বর্ণনা নিম্নভাগে* লেখা গেল, দক্ষিণ ও দক্ষিণপূর্ব্ব সীমা গোমানী নদী পূর্ব্ব দিগে রেলওযে সাঁকোর কেবল উজান দিকস্থ রেলওয়ে কোম্পানির ভূমি।

এই ভূমিখণ্ড নক্‌শায় প্রদর্শিত নদীর তটের ধারে ৫১০ ফুট প্রস্ত হইয়া যায়।

*বৃন্দাবন স্বর্ণকার। ১ খণ্ড।—উত্তর ও পশ্চিম সীমা জমীদারী পুষ্করিণী ও আবদুল হকিম রায়তের ভূমি।
